


# সম্পূর্ণ দিনের কিণ্ডারগার্টেন

## পিতা-মাতাদের জন্য প্রশ্নোত্তরে নির্দেশিকা

**সম্পূর্ণ দিনের কিণ্ডারগার্টেন শুরু করা একটি উত্তেজনাপূর্ণ নতুন পদক্ষেপ - আপনার শিশুর জন্য এবং আপনার জন্য। এটা কীভাবে কাজ করে এবং কীভাবে আপনার শিশুকে সাহায্য করতে পারে সে বিষয়ে আরও জানুন।**

## সম্পূর্ণ দিনের কিণ্ডারগার্টেন কী?

অণ্টারিওতে চার এবং পাঁচ বছর বয়সীদের জন্য একটি সম্পূর্ণ দিনের কিণ্ডারগার্টেন এর ব্যবস্থা করা হয়েছে যার একটি দিনের অন্তর্ভুক্ত হবে:

- একটি আগ্রহ-উদ্দীপক, শিক্ষামূলক কর্মসূচি যেখানে নিয়মিত স্কুল দিবসের মধ্যেই খেলার মাধ্যমে শেখার ব্যবস্থা থাকবে
- স্কুলের সময়ের আগে এবং পরের কর্মসূচিগুলিকে নিয়মিত স্কুল দিবসের সম্পূরক হিসেবে তৈরি করা হয়েছে। এগুলি ঐচ্ছিক এবং যুক্তিসম্মত হারে এগুলি পিতা-মাতার কাছে লভ্য করা হয়। যেসব পরিবার যোগ্য বলে গণ্য হবে তাদের অনুদান দেওয়া হবে। স্কুলের সময়ের আগের এবং পরের কর্মসূচি পিতা-মাতার দাবির ভিত্তিতে দেওয়া হবে।


## আমার শিশু কীভাবে উপকৃত হবে?

বর্তমানে চালু আছে এমন কিণ্ডারগার্টেন কর্মসূচির মত, সম্পূর্ণ দিনের কিণ্ডারগার্টেন চার এবং পাঁচ বছরের শিশুদের জন্য ঐচ্ছিক। কিন্তু গবেষণায় দেখা গেছে যে শিশুরা সম্পূর্ণ দিবসের প্রারম্ভিক শিক্ষা কর্মসূচিতে অংশ নেয় - যেমন সম্পূর্ণ দিনের কিণ্ডারগার্টেন - তাদের জীবনের সূচনাটি আরও শক্তিশালী হয়। সম্পূর্ণ দিনের কিণ্ডারগার্টেন-এ আপনার শিশুর নিম্নলিখিত উপকার হবে:

### • স্কুলে একটি আরও শক্তিশালী সূচনা

জীবনের শুরুতে সম্পূর্ণ দিবসের শিক্ষাগ্রহণে অভ্যস্ত হলে আপনার শিশুর পড়া, লেখা এবং গণিতের দক্ষতাগুলির উন্নতি ঘটবে এবং তার ভবিষ্যতের পড়াশোনার দৃঢ় ভিত তৈরি হবে। এছাড়াও এর ফলে আপনার এবং আপনার শিশুর পক্ষে গ্রেড ১-এ উত্তরণ সহজতর হবে। যখন স্কুলের সূচনাটি একটি উপভোগ্য অভিজ্ঞতা হয়, তখন শিশুরা আরও শিখতে চায় এবং স্কুলের অভিজ্ঞতার অঙ্গ হতে আগ্রহী বোধ করে।





- **ক্লাসের বন্ধুদের সঙ্গে আরও সময় কাটানো**

নিয়মিত স্কুল দিবসে আপনার শিশু অন্যান্য শিশুদের সঙ্গে সামাজিক মেলামেশা করে এবং ভবিষ্যতের সাফল্যের জন্য প্রয়োজনীয় পঠনপাঠনের এবং সামাজিক দক্ষতাগুলির উন্নতি ঘটানোর মাধ্যমে উপকৃত হবে। স্কুলের সময়ের আগের এবং পরের কর্মসূচিগুলি আপনার শিশুকে একটি পরিচিত পরিবেশে অন্যান্য শিশুদের সঙ্গে সময় অতিবাহিত করতে দেবে।

- **একটি ধারাবাহিক এবং সংগঠিত দিন**

আপনার শিশু স্কুলের কর্মী এবং বন্ধুবান্ধবদের সঙ্গে পরিচিত পারিপার্শ্বিকে থাকবে, তাকে বিভিন্ন স্থানের মধ্যে ঘোরাফেরা করতে হবে না।

## কে আমার শিশুর শিক্ষাকে সাহায্য করবে?

স্কুল দিবস চলাকালীন শিক্ষক-শিক্ষিকা এবং শৈশবের সূচনার শিক্ষাদানকারীরা একসঙ্গে কাজ করে আপনার শিশুকে শিখতে সাহায্য করবে। তাঁরা প্রতিটি শিশুর অগ্রগতির পর্যায়ের সঙ্গে মানানসই একটি সযত্নে পরিকল্পিত কর্মসূচির বাস্তব রূপায়ণ করার চ্যালেঞ্জ গ্রহণ করবেন।

শৈশবের সূচনার শিক্ষাদানকারী এবং শিক্ষক-শিক্ষিকার পারস্পরিক অনুপূরক দক্ষতা এবং অভিজ্ঞতা থেকে আপনার শিশু উপকৃত হবে। সম্পূর্ণ স্কুল দিবসে যেহেতু শ্রেণীকক্ষে দু'জন যোগ্যতাসম্পন্ন পেশাদার কর্মী থাকবেন, তাই আপনার শিশু অধিকতর ব্যক্তিগত মনোযোগ এবং শেখার সুযোগ লাভ করবে।


## নিয়মিত স্কুল দিবসের মধ্যে আমার শিশু কী শিখবে এবং করবে?

অল্পবয়সী শিক্ষার্থীদের খতিয়ে দেখতে, আবিষ্কার করতে এবং বেড়ে উঠতে সাহায্য করার জন্য বিশেষভাবে তৈরি এমন বিভিন্ন ধরনের বহুসংখ্যক ক্রিয়াকলাপের সঙ্গে আপনার শিশু যুক্ত হবে।

গবেষণায় দেখা গেছে যে ছোট শিশুদের ক্ষেত্রে খেলা এবং শেখার মধ্যে নিবিড় সম্পর্ক আছে, বিশেষত সমস্যার সমাধান, ভাষা এবং সংখ্যার দক্ষতা এবং সামাজিক, শারীরিক ও মানসিক দক্ষতার ক্ষেত্রে। আপনার শিশু স্বত:স্ফূর্তভাবে খেলাধূলায় যেমন অংশ নেবে তেমনই খেলার মাধ্যমে আরও নির্দিষ্ট কাঠামোভিত্তিক শিক্ষা লাভ করবে, শিক্ষক-শিক্ষিকা এবং শৈশবের প্রারম্ভের শিক্ষাদাতাদের উপদেশ অনুসরণ করে। এই ক্রিয়াকলাপগুলি আপনার শিশুকে সৃষ্টিশীল চিন্তাভাবনা করতে, খতিয়ে দেখতে এবং অনুসন্ধান করতে, সমস্যার সমাধান করতে এবং অন্যদের সঙ্গে শিক্ষার আদানপ্রদান করতে সাহায্য করবে।

সম্পূর্ণ দিনের কিণ্ডারগার্টেন ক্লাসে শিক্ষক-শিক্ষিকা এবং শৈশবের প্রারম্ভের শিক্ষাদাতাদের দিশারি হবে নতুন পাঠক্রম সম্পর্কিত একটি নথি যা আপনার শিশুর সামাজিক, মানসিক, পড়াশোনা এবং শারীরিক দক্ষতার উন্নতিতে সাহায্য করার জন্য তৈরি এবং যা স্কুল এবং সারা জীবন ধরে শিশুকে একটি দৃঢ় ভিত্তির ওপর প্রতিষ্ঠিত করবে।





## খেলার মাধ্যমে শিক্ষাগ্রহণের উদাহরণ

### আবিষ্কার এবং অনুসন্ধান:

অনেক শিশু ছোট নৌকার নকশা তৈরি করে এবং সেগুলিকে পানিকেন্দ্রে নিয়ে আসে। প্রত্যেক শিশু তার নৌকাটিকে পানিতে ভাসায় এবং তারপরে একবারে একটি করে কড়ি নৌকায় রাখে। আরেকটি শিশু একটি সরল হিসাব কষে কতগুলি কড়ি দেওয়া হল তার হিসেব রাখে। শিক্ষক-শিক্ষিকা অথবা শৈশবের প্রারম্ভের শিক্ষাদাতা শিশুদের জিজ্ঞাসা করবেন কোন্ নৌকাটি ডুবে যাওয়ার আগে সবচেয়ে বেশি সংখ্যক কড়ি ধারণ করেছে এবং কেন সেটি অন্য নৌকাগুলির থেকে আলাদা তা ভেবে বার করতে বলবেন।

### সৃষ্টিশীল চিন্তাভাবনা:

শিশুদের একটি ছোট দল এমন একটি গম্বুজ তৈরি করার জন্য বেশ কয়েকবার চেষ্টা করে যা তাদের মত লম্বা। পরীক্ষা-নিরীক্ষা এবং ভুলত্রুটির মাধ্যমে তারা আবিষ্কার করে যে যদি গম্বুজের নিচের দিকটি বেশি প্রশস্ত করা যায়, তাহলে সেটি আরও লম্বা করে তৈরি করা যায়। তারা সম্পূর্ণ জিনিসটির ছবি আঁকে এবং তাদের সমাধান দেখানোর জন্য ছবিতে লেবেল লাগায়।

### পর্যবেক্ষণ এবং শিক্ষাগ্রহণ:

পুনর্ব্যবহারের উপযোগী করা হয়েছে এমন পুরোনো জিনিস থেকে পাখিদের খাওয়ানোর পাত্র তৈরির পরে শিশুরা শ্রেণীকক্ষের জানলার বাইরে গাছে সেগুলিকে টাঙায়। পাখির খাওয়ার প্রতিটি পাত্রের ক্রিয়াকলাপ তারা পর্যবেক্ষণ করে ও নথিভুক্ত করে। শিক্ষক-শিক্ষিকা এবং শৈশবের প্রারম্ভের শিক্ষাদাতার সাহায্য নিয়ে এবং তাদের নিজেদের পর্যবেক্ষণের ওপর ভিত্তি করে কোনো কোনো শিশু পাখির খাওয়ার পাত্রের পরিবর্তন করে এবং আবার সেগুলিকে বাইরে রেখে এসে দেখে যে এই পরিবর্তন পাখিদের ক্রিয়াকলাপে কোনো বদল ঘটাতে পারে কি না।

## স্কুলের আগে এবং পরে আমার শিশু কী শিখবে এবং করবে?

যদি যথেষ্ট সংখ্যক পিতা-মাতা আগ্রহী হন, তাহলে স্কুল বর্ষ চলাকালীন, কোনো কোনো স্কুলে, স্কুলের আগে এবং পরে, সংহত কর্মসূচির ব্যবস্থা করা হবে। নিয়মিত স্কুল দিবসের মধ্যে যা ঘটে এই কর্মসূচি তার সম্পূরক হিসেবে কাজ করবে। আপনার শিশু নিরিবিলিতে পড়ার সময় পাবে, জিমনেসিয়াম-এ এবং বাইরের ক্রিয়াকলাপে যুক্ত হওয়ার এবং শ্রেণীকক্ষে স্বাধীনভাবে খেলার সুযোগ পাবে।


যেখানে পিতা-মাতার কাছ থেকে যথেষ্ট দাবি এসেছে এবং বোর্ড এর সামর্থ্য আছে, সেখানে বোর্ডগুলিকে বছরের অন্যান্য সময়ে যেমন পি.ডি. দিবস, স্কুলের সাময়িক এবং স্থায়ী ছুটির সময়, চার এবং পাঁচ বছর বয়সী শিশুদের জন্য কর্মসূচি প্রদান করতে উৎসাহিত করা হয়। তারা ছয় থেকে ১২ বছর বয়সী শিশুদের জন্য কর্মসূচি তৈরি করতে পারে।

কর্মসূচিগুলি ঐচ্ছিক এবং স্কুল বোর্ড নির্ধারিত যুক্তিসম্মত হারে সেগুলি প্রদান করা হবে। আরও বিস্তারিত তথ্যের জন্য স্থানীয় প্রিন্সিপাল অথবা বোর্ড এর সঙ্গে যোগাযোগ করুন। আর্থিক প্রয়োজনের নিরিখে কোনো কোনো পরিবারকে পুরসভার মাধ্যমে অর্থসাহায্য দেওয়া হতে পারে।

## কীভাবে স্কুলগুলিকে নির্বাচন করা হয়েছে?

- প্রতি বছর সম্পূর্ণ দিবসের কিণ্ডারগার্টেন সুবিধা প্রদান করতে প্রস্তুত থাকবে এমন স্কুলের সুপারিশ করার জন্য স্কুল বোর্ডগুলি অন্যান্য স্থানীয় বোর্ড এবং মিউনিসিপ্যালিটির সঙ্গে কাজ করবে।

- কর্মসূচির বাস্তব রূপায়ণের প্রথম পর্যায়ে স্কুল বোর্ডগুলিকে এই কর্মসূচির জন্য স্থান আছে এমন স্কুলের নাম সুপারিশ করার জন্য অনুরোধ করা হবে।



## আমি কীভাবে যুক্ত হতে পারি?

আপনার শিশুর শিক্ষার প্রতিটি পর্যায়ে আপনার যুক্ত থাকা গুরুত্বপূর্ণ। সম্পূর্ণ দিনের কিণ্ডারগার্টেন এর সুবিধা যতটা সম্ভব সদ্ব্যবহার করতে শিশুকে সাহায্য করার জন্য আপনাকে এখানে কয়েকটি সরল উপায়ের কথা বলা হল:

- শিক্ষক-শিক্ষিকা এবং শৈশবের প্রারম্ভের শিক্ষাদাতাদের সঙ্গে কথা বলুন এবং তাঁদের জিজ্ঞাসা করুন কীভাবে প্রতিদিন বাড়িতে আপনি শিশুকে সাহায্য করতে পারেন; যেমন, শিশুকে পড়ে শুনিয়ে, তার সঙ্গে খেলা করে এবং অন্যান্য শিক্ষামূলক ক্রিয়াকলাপ উপভোগ করে
- আজকে ক্রিয়াকলাপ কেন্দ্রে আপনার শিশু কী করেছে সে সম্পর্কে তাকে জিজ্ঞাসা করে এবং স্কুল ও শিক্ষা সংক্রান্ত বিষয়গুলিকে পারিবারিক কথোপকথনের বিষয়বস্তু করে আপনার শিশুর শিক্ষাগ্রহণে উৎসাহ প্রদর্শন করুন
- পিতা-মাতা এবং পরিবারের জন্য আয়োজিত তথ্যসভা এবং অন্যান্য অনুষ্ঠানে উপস্থিত থাকুন
- যদি স্কুলে আপনার শিশুর অভিজ্ঞতা সম্পর্কে কোনো প্রশ্ন অথবা উদ্বেগ থাকে, তাহলে আপনার শিশুর শিক্ষক-শিক্ষিকা অথবা শৈশবের প্রারম্ভের শিক্ষাদাতার সঙ্গে কথা বলুন।

## কেন অণ্টারিওতে সম্পূর্ণ দিনের কিণ্ডারগার্টেন চালু করা হল?

আজকের জটিল পৃথিবীতে আমাদের শিশুদের জন্য অতীতের যে কোনো সময়ের তুলনায় শিক্ষার বিষয়টি বেশী গুরুত্বপূর্ণ। আপনার শিশুর স্কুল এবং জীবনের সূচনাকে আরও শক্তিশালী করার জন্য সম্পূর্ণ দিনের কিণ্ডারগার্টেন তৈরি করা হয়েছে। সূচনার শিক্ষা এবং শিশুর অগ্রগতিকে সাহায্য করা, আরও শক্তিশালী স্কুল ব্যবস্থা তৈরি করা এবং অণ্টারিওর দীর্ঘমেয়াদী অর্থনৈতিক প্রতিযোগিতামূলক সুবিধায় অবদান রাখার জন্য অণ্টারিওর পরিকল্পনার অঙ্গ হল চার এবং পাঁচ বছর বয়সীদের জন্য সম্পূর্ণ দিনের কিণ্ডারগার্টেন।

ISBN 978-1-4435-4459-7 (মুদ্রণ) ISBN 978-1-4435-4460-3 (PDF) • কপিরাইট © কুইন্স্ প্রিণ্টার ফর অণ্টারিও, ২০১০ পুনর্ব্যবহারের উপযোগী করা কাগজে মুদ্রিত।



## আপনার কি আরও প্রশ্ন আছে?

**আপনার স্কুলের প্রিন্সিপালকে** স্কুলে সম্পূর্ণ দিনের কিণ্ডারগার্টেন সম্পর্কে আরও তথ্যের জন্য জিজ্ঞাসা করুন।

এই ওয়েবসাইট দেখুন: **www.edu.gov.on.ca/kindergarten/fulldaykindergartenschools2.asp** যাতে ইংরেজিতে সম্পূর্ণ দিনের কিণ্ডারগার্টেন স্কুলের একটি তালিকা পান।

সম্পূর্ণ দিনের কিণ্ডারগার্টেন সম্পর্কে ইংরেজিতে আরও তথ্য পাবেন এই ওয়েবসাইট-এ: **www.ontario.ca/kindergarten** এবং ফরাসি ভাষায় এখানে: **www.ontario.ca/maternellejardindenfants**

ইংরেজি এবং ফরাসি ভাষায় তথ্য পেতে অণ্টারিওতে নিঃশুল্ক ফোন করুন **১-৮০০-৩৮৭-৫৫১৪** এই নম্বরে অথবা অণ্টারিওর বাইরে থেকে **(৪১৬) ৩২৫-২৯২৯** এই নম্বরে।